# কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

# For Procurement of Service

(Request for Proposal)

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি

## খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি

ঠিকরাবন্দ, খুলনা।

**যানবাহন বীমা করনের লক্ষ্যে অনুরোধ জ্ঞাপন (RFP) পদ্ধতিতে দরপত্র**

**RFP নম্বরঃ ০৫/২০২৪-২০২৫**

**প্রশাসন বিভাগ**
**খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি**
ঠিকরাবন্দ, খুলনা।
ই-মেইলঃ khulnapbs@yahoo.com
ওয়েবসাইটঃ pbs.khulna.gov.bd

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

দুরালাপনী
অফিস/বাসা : ০৪১-৭২১৯৯১
অভিযোগকেন্দ : ০৪১-৮১০৮৯০(১০১-১১৬)
ফ্যাক্স : +৮৮০৪১-৭২১৯৯১
ই-মেইল : khulnapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৬৭.০১.০৩৮.২৫.৩৮৭৪ তারিখঃ- ০৪ বৈশাখ'১৪৩২ বঙ্গাঃ
১৭ এপ্রিল' ২০২৫ খ্রিঃ

**"যানবাহন বীমা করণের"** কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র (RFP)

কোটেশন নম্বর: **(০৬/২০২৪-২০২৫)**, তারিখ: ১৭/০৪/২০২৫ খ্রিঃ

১. খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিম্নবর্ণিত ২৩(তেইশ)টি যানবাহন সকল প্রকার ঝুঁকি সম্বলিত বীমা করণের নিমিত্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানের নিজস্ব লেটারহেড প্যাডে সীল মোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে।

২. যানবাহন বীমাকরণে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদ সংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট pbs.khulna.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে খুলনা পবিস হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করতে হবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বান কারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ জেনারেল ম্যানেজার, খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং যানবাহন বীমাকরণে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ২১/০৪/২০২৫খ্রিঃ তারিখ এবং সময়-১১:০০ ঘটিকার মধ্যে কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্নিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে যানবাহনের বীমাকরণের এর জন্য কোটেশন এবং আগামী ২১/০৪/২০২৫খ্রিঃ তারিখ এবং সময়- বেলা ১১:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির আহবায়কের নিকট প্রেরণ করতে হবে।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. বর্ণিত যানবাহন ইনস্যুরেন্স করার ক্ষেত্রে সকল প্রকার ঝুঁকি (All Risk Cover Insurance)First Party Comprehensive) গ্রহণ করতে হবে। সেক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি অবশ্যই অন্তর্ভূক্ত থাকতে হবে।
ক) যে কোন ধরণের চুরি;
খ) যে কোন ধরণের দুর্ঘটনায় সংঘটিত ক্ষতি ;
গ) যে কোন ধরণের সন্ত্রাসী কার্যকলাপের ফলে সংঘটিত ক্ষতি;
ঘ) ভূমিকম্পের ফলে সংঘটিত ক্ষতি;
ঙ) বন্যা, সাইক্লোনসহ যে কোন ধরণের প্রাকৃতিক দূর্যোগের ফলে সংঘটিত ক্ষতি;
চ) যে কোন ধরণের অগ্নিকান্ডের ফলে সংঘটিত ক্ষতি;
ছ) ড্রাইভার, যাত্রী, পথচারী, দোকানপাট ইত্যাদির ক্ষতি সাধন অর্থাৎ ৩য় পক্ষীয় সকল প্রকার ক্ষতি;
জ) উল্লেখিত সকল প্রকার ঝুঁকি (All Risk Cover Insurance) উল্লেখ করে ৩০০.০০ টাকা নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে।

১০. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

E:\Farzana\Tender_Related\RFQ Secdul\যানবাহন বীমা.docx2

১১. বীমা সার্টিফিকেট সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সার্টিফিকেট সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে কার্যাদেশ অনুযায়ী বীমা সার্টিফিকেট সন্তোষ জনকভাবে প্রদান সাপেক্ষে গ্রহন করা হবে। কার্যাদেশ অনুযায়ী বীমা সার্টিফিকেট সন্তোষ জনকভাবে সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১২. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা,২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ০৭ (সাত) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগ্রহ করতে পারবেন।

১৪. কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণস্বরুপ ইনস্যুরেন্স বোর্ড হতে প্রদত্ত নিবন্ধনকৃত ইনস্যুরেন্স কোম্পানীর রেজিষ্ট্রেশন, বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর (হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র) ও ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদপত্র) নম্বর এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।

১৫. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩(তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৬. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৭. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৩ (তিন) দিনের মধ্যে সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৮. নির্ধারিত তারিখের মধ্যে বীমা সার্টিফিকেট সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না।

১৯. যানবাহন এর সংখ্যা কম/বেশী হতে পারে এবং নমুনা দরপত্র দাখিল করার পূর্বে অত্র পবিস হতে দেখা যেতে পারে।

২০. খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৯/৪/২৫

(তুষার কান্তি মন্ডল)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১॥ জেলা প্রশাসক, খুলনা।
০২॥ পুলিশ সুপার, খুলনা।
(নোটিশ বোর্ডে প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
০৩॥ পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪॥ সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করাহলো)
০৫॥ উপজেলা নির্বাহী কর্মকর্তা, বটিয়াঘাটা/তেরখাদা/দাকোপ/ডুমুরিয়া/পাইকগাছা/কয়রা, খুলনা।
০৬॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার .........................পবিস-১/২/৩/৪।
০৭॥ নির্বাহী প্রকৌশলী (সিষ্টেম অপারেশন ও বিতরণ), বাপবিবো,খুলনা।
০৮॥ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ, খুলনা।
০৯॥ সহকারী প্রকৌশলী, বাপবিবো, খুলনা।
১০॥ ডিজিএম, পাইকগাছা/সেনেরবাজার/ডুমুরিয়া/ কয়রা জোনাল অফিস/(সদর-কারিগরী), খুলনা পবিস।
১১॥ এজিএম (ওএন্ডএম), দাকোপ/ তেরখাদা/শাহপুর সাব-জোনাল অফিস, খুলনা পবিস।
১২॥ এজিএম (অর্থ/ওএন্ডএম), খুলনা পবিস।
১৩॥ এজিএম (আইটি), খুলনা পবিস। (ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)
১৪॥ মেসার্স ------------------------------------------------।
১৫॥ নোটিশ বোর্ড, সদর দপ্তর, খুলনা পবিস।
১৬॥ অফিস/মাষ্টার কপি।

২৯/৪/২৫

জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।

E:\Farzana\Tender_Related\RFQ Secdul\যানবাহন বীমা.docx3

কোটেশন দাখিল পত্র

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশনের স্মারক নম্বর:............................................তারিখ: -------------

প্রতি

----------------------------

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সররবরাহের শর্তাবলী অনুসারে **"যানবাহন বীমা করণের"** প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ------------------------কথায়ঃ-----------------------------

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (RFP) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবংকোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFP) প্রক্রিয়ায় নিজের / নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা **১৭/০৪/২০২৫খ্রিঃ** তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFP) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি

<u>পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল</u>

কোটেশনের স্মারক নম্বরঃ ২৭.১২.৪৭১২.৫৬৭.০১.০৩৮.২৫. ৩৮৯৪, তারিখঃ **১৭/০৪/২০২৫খ্রিঃ**

| ক্রঃ নং | আইটেমের বিবরণ | পরিমান | গাড়ীর ক্রয়মূল্য ও রেজিষ্ট্রেশনের সাল | একক দর/মূল্য/ প্রিমিয়াম | মোট মূল্য/ প্রিমিয়াম | বীমা সনদ সরবরাহের স্থান |
|---|---|---|---|---|---|---|
| | | | | অংকে | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | খুলনা মেট্রো-ঠ-১১-০১৪৮ | ০১টি | ৫৫,৫৫,৮৯৪.০০<br>২০২০ | | | খুলনা পবিস |
| ০২ | খুলনা মেট্রো-ম-১১-০১৩৯ | ০১টি | ২৮,২৫,০০০.০০<br>২০১৪ | | | |
| ০৩ | খুলনা মেট্রো-হ-১২-৩৭০৭ | ০১টি | ১,৩৮,৫০০.০০<br>২০১২ | | | |
| ০৪ | খুলনা মেট্রো-হ-১২-৩৭০৮ | ০১টি | ১,৩৮,৫০০.০০৯২<br>২০১২ | | | |
| ০৫ | খুলনা মেট্রো- হ-১২-৫৮৭৫ | ০১টি | ১,৪৮,০০০.০০<br>২০১৪ | | | |
| ০৬ | খুলনা মেট্রো- হ-১২-৫৮৭৬ | ০১টি | ১,৪৮,০০০.০০<br>২০১৪ | | | |
| ০৭ | খুলনা মেট্রো- হ-১২-৫৮৭৮ | ০১টি | ১,৪৮,০০০.০০<br>২০১৪ | | | |
| ০৮ | খুলনা মেট্রো- হ-১২-৫৮৭৭ | ০১টি | ১,৪৮,০০০.০০<br>২০১৪ | | | |
| ০৯ | খুলনা মেট্রো- হ-১২-৫৮৭৯ | ০১টি | ১,৪৮,০০০.০০<br>২০১৪ | | | |
| ১০ | খুলনা মেট্রো- হ-১২-৫৮৮০ | ০১টি | ১,৪৮,০০০.০০<br>২০১৪ | | | |
| ১১ | খুলনা মেট্রো- হ-১২-৫৮৮১ | ০১টি | ১,৪৮,০০০.০০<br>২০১৪ | | | |
| ১২ | খুলনা মেট্রো- হ-১২-৫৮৮২ | ০১টি | ১,৪৮,০০০.০০<br>২০১৪ | | | |
| ১৩ | খুলনা মেট্রো- হ-১২-৫৮৮৩ | ০১টি | ১,৪৮,০০০.০০<br>২০১৪ | | | |
| ১৪ | খুলনা মেট্রো- হ-১২-৫৮৮৪ | ০১টি | ১,৪৮,০০০.০০<br>২০১৪ | | | |
| ১৫ | খুলনা মেট্রো-হ-১৪-২৮৩৭ | ০১টি | ১,৩৮,৯০০.০০<br>২০২২ | | | |
| ১৬ | খুলনা মেট্রো-হ-১৪-২৮৩৮ | ০১টি | ১,৩৮,৯০০.০<br>২০২২ | | | |
| ১৭ | খুলনা মেট্রো-হ-১৪-২৮৩৯ | ০১টি | ১,৩৮,৯০০.০০<br>২০২২ | | | |
| ১৮ | খুলনা মেট্রো-হ-১৪-২৮৪০ | ০১টি | ১,৩৮,৯০০.০০<br>২০২২ | | | |
| ১৯ | খুলনা মেট্রো-হ-১৪-২৮৪১ | ০১টি | ১,৩৮,৯০০.০০<br>২০২২ | | | |
| ২০ | খুলনা মেট্রো-হ-১৪-২৮৪২ | ০১টি | ১,৩৮,৯০০.০০<br>২০২২ | | | |
| ২১ | খুলনা মেট্রো-হ-১৪-২৮৪৩ | ০১টি | ১,৩৮,৯০০.০০<br>২০২২ | | | |
| ২২ | খুলনা মেট্রো-হ-১৪-২৮৪৪ | ০১টি | ১,৩৮,৯০০.০০<br>২০২২ | | | |
| ২৩ | খুলনা মেট্রো-হ-১৪-৩১৪৯ | ০১টি | ১,৩৮,৯০০.০০<br>২০২২ | | | |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নের ২নং নোট দেখুন) | | | | অংকে | | |
| | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি, ঠিকরাবন্দ, খুলনা। |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য ---------------------------------------- |
| প্রস্তাবিত সরবরাহ | --------------- ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | প্রযোজ্য নয় । |

আমি/ আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের------ টি সংশোধন যথাযথ ভাবে অনুস্বাক্ষর করা হয়েছে। আমার / আমাদের প্রস্তাব------/------/২৫খ্রিঃ তারিখ পর্যন্ত বৈধ থাকবে ।

| | |
|---|---|
| | |
| কোটেশনদাতার নাম | তারিখ: -------------------- |

টীকা:

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

৩। বাংলাদেশ মোটর টেরিফ রুল অনুযায়ী দর দাখিল করতে হবে অর্থাৎ বর্ণিত যানবাহনসমূহের Private Useবিবেচনায় Premium প্রদানের ক্ষেত্রে Basic, FIV, NCB, Liability Premium ইত্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বীমার মেয়াদ হকে ০১ (এক) বৎসর।

৪। সফল দরপত্র কার্যাদেশ প্রাপ্ত হলে বর্ণিত বীমার বিপরীতে Schedule of Policy প্রদান করতে হবে।

৫। বীমার ধরণ হবে কম্প্রিহেনসিভ(সকল প্রকার ঝুকি বীমা)। কোন প্রকার ঝুকি বাদ দিয়ে দর দাখিল করা যাবে না।

৬। এসিবি ও ডিসকাউন্ট অবশ্যই মটর টেরিফ রুল অনুযায়ী দাখিল করতে হবে এবং তার স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি সংযোজন করতে হবে। নিয়ম বর্হিভূতভাবে এনসিবি ও ডিসকাউন্ট দাখিল করা হলে সংশ্লিষ্ট দরপত্র বাতিল বলে গণ্য হবে।

৭। দ্রুত সময়ের মধ্যে বীমা দাবী নিস্পত্তি করতে হবে।

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
খুলনা

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ (প্রযোজ্য ক্ষেত্রে)

| ক্রমিক নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী বং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | - | – | প্রযোজ্য নহে | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: ------------------ |
| কোটেশন দাতার নাম | |

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
তাং.......

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
ঠিকরাবন্দ, খুলনা

## বিষয়ঃ যানবাহনের বীমাকরণের কার্যাদেশ।

ক্রয় আদেশ -------------------------------------------------------------------- তারিখ----------------------
খ্রিঃ

| | |
|---|---|
| কোটেশন নম্বর:________________ | তারিখ : --------- |
| প্রতি:<br>---------------------------- | |
| বীমাকরণের তারিখ: ---------------------- | **ক্রয়াদেশকৃত** পণ্যের মূল্য: টাকা ---------------------- |
| সরবরাহ : শর্তানুযায়ী | |

নিম্নে তালিকাবদ্ধ পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার ------------ তারিখের দাখিলকৃত কোটেশনের দর ১ম সর্বনিম্ন হওয়ায়, দরপত্র মূল্যায়ন কমিটির নিকট বিবেচিত হওয়ায় নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষ্যে যানবাহন বীমাকরনের নিমিত্তে ------------------------------------টাকার কথায়--------------------------------------------- কার্যাদেশ প্রদান করা হল। উল্লিখিত মলামাল সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

| ক্রয়াদেশকৃত পণ্যসমূহ |
|---|
| পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফশীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।<br>শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। |
| ক্রেতার জন্য:<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর |
| তারিখ |

সংযুক্তি সমূহ: উপরোক্ত বর্ননা মোতাবেক।

## যানবাহনের বীমাকরণের মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ০৩ (তিন) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বোতভাবে সরবরাহ সমাপ্ত
করতে হবে।

৪. যদি ক্রয়কারী সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গাত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন বীমা পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী বীমাকারী কর্তৃক সরবরাহকৃত বীমা সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে পরিবহকারীকে জানাবে।

৭. যদি বীমায় ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে বীমা বাতিল করতে পারবে।

৮. বীমাকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী বীমার ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। বীমার চালান জমা এবং গ্রহণের পর বীমা এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. বীমাকারী দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা অংকে------------------------------ [কথায়---------------- ------------------------------
---।

১২. বীমাকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে বীমাকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ (-----------------------------------)।
মাস উল্লেখ করুন

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. বীমাকারী এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. সেবা এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি বীমাকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর বীমা নিস্পিত্তি করতে বাধ্য থাকবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত বীমা এবং বীমার পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী বীমাকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে
পারেন; যদি সরবরাহকারী:

ক. বীমার তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী সেবা এবং সংশ্লিষ্ট সেবা পরিবহন করতে ব্যর্থ হয়।
খ. বীমা করণের প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।
গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং বীমাকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

২২. “Bangladesh Motor Tariff Rule” অনুযায়ী দর দাখিল করতে হবে। ফার্ষ্ট পার্টি কম্প্রিহেন্সিভ বীমা বিধায় কোন ঝুকি বাদ দিয়ে দর প্রদান করা যাবে না। বর্ণিত যানবাহনের প্রিমিয়াম প্রদানের ক্ষেত্রে Basic, FIV, NCB Liability Primium ইত্যাদি পৃথকপৃথক সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। “Bangladesh Motor Tariff Rule” অনুযায়ী যথাযথ ভাবে Basic, FIV, NCB Liability Primium, RSD, Earthquake Flood, Cyclone ইত্যাদি প্রদান করা না হলে দরপত্র বাতিল করা হবে।

২৩. দরপত্রের সাথে বীমা নিয়ন্ত্রক কর্তৃপক্ষের নিবন্ধনের কপি, ভ্যাট রেজিষ্ট্রেশন, হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী এবং আয়কর সনদ এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।

২৪. দরদাতা প্রতিষ্ঠান শাখা/ উপ-শাখা/এজেন্ট অফিস হলে মূল অফিস কর্তৃক অনুমোদনপত্র দাখিল করতে হবে।

২৫. সফল দরদাতা কার্যাদেশ প্রাপ্ত হলে প্রতিটি বীমার বিপরীতে Schedule of policy প্রদান করতে হবে।

| | |
|---|---|
| ক্রেতার জন্য<br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | বীমাকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ বীমাকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি
তাং.........
খুলনা